

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

পরিপত্র

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৩.১৩. ৫২

তারিখ : ১৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
০১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : সুস্থ ও মেধাবী জাতি গঠনে মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের প্রাণিজ আমিষ গ্রহণের বিষয়ে সচেতনতা বৃদ্ধিকরণ।

দেশের মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের সূনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে লেখাপড়া ও খেলাধুলার পাশাপাশি সুস্থ, মেধাবী ও সবল করে গড়ে তোলা অপরিহার্য। শিশুদের শারীরিক ও মানসিক সুস্থ্যতার জন্য খাদ্যাভাস অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ ক্ষেত্রে প্রাণিজ আমিষের গুরুত্ব অপরিসীম। শিশুদের মধ্যে প্রাণিজ আমিষ সমৃদ্ধ ডিম ও দুধ খাওয়ার প্রতি যথেষ্ট অনীহা রয়েছে মর্মে পুষ্টিবিদগণ মনে করছেন।

২.০ এমতাবস্থায়, সুস্থ, সবল ও মেধাবী জাতি গঠনে মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিয়মিত ডিম ও দুধ খাওয়ার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন।

৩.০ শিক্ষার্থীদের সুস্বাস্থ্য ও মেধা বিকাশের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

৩.১ ম্যানেজিং কমিটি/গভর্নিং বডিসহ বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ নিজ নিজ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে নিয়মিত প্রাণিজ আমিষ গ্রহণের বিষয়ে সচেতন করতে যথাযথ কার্যক্রম গ্রহণ করবেন;

৪.০ জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

তারিখ: ০১.০২.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)


সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৩.১৩. ৫২

তারিখ : ১৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
০১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব [প্রঃ ও অর্থ/উন্নয়ন/কলেজ/বিশ্ববিদ্যালয়/মাধ্যমিক (সরকারি-বেসরকারি)], মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৫. মহাপরিচালক, মাদ্‌সারা শিক্ষা অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৬. যুগ্ম-সচিব (মাধ্যমিক-বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/দিনাজপুর।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১০. জেলা প্রশাসক .....(সকল)
১১. পুলিশ সুপার .....(সকল)
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৩. উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)
১৪. তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
১৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল).....
১৭. জেলা শিক্ষা অফিসার .....(সকল)
১৮. ভারপ্রাপ্ত থানা কর্মকর্তা.....(সকল)
১৯. সভাপতি/অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .....(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।

  
(সালমা জাহান) ২. ২০১৮

যুগ্মসচিব

ফোন : ৯৫৫০৩৪১